# Times Today BD

ডেস্ক রিপোর্ট | শিক্ষা | 16 June, 2025

করোনা ও ডেঙ্গু সংক্রমণ প্রতিরোধে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে একগুচ্ছ জরুরি নির্দেশনা জারি করেছে সরকার।রোববার (১৬ জুন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে পাঠানো এক চিঠিতে এই নির্দেশনাগুলো জানানো হয়।

চিঠিতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সব শিক্ষাপ্রতিষ্ঠানে নির্দেশনাগুলো কঠোরভাবে পালনের জন্য বলা হয়েছে।

নির্দেশনাসমূহ:

১. ডেঙ্গু প্রতিরোধে:

সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির প্রচারণায় শিক্ষক ও শিক্ষার্থীদের সক্রিয়ভাবে সম্পৃক্ত করতে হবে।স্কুল, কলেজের নিজস্ব চত্বর পরিষ্কার রাখা, জমে থাকা পানি অপসারণ, সপ্তাহে অন্তত একদিন পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।

২. করোনা প্রতিরোধে:

শিক্ষা প্রতিষ্ঠানে করোনাভাইরাস সংক্রমণ এড়াতে নিচের স্বাস্থ্যবিধিগুলো মেনে চলতে হবে–

ঘনঘন সাবান দিয়ে হাত ধোয়া (কমপক্ষে ২০ সেকেন্ড)।

জনসমাগম এড়িয়ে চলা।

বাইরে বের হলে মাস্ক পরা।

আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ৩ ফুট দূরত্ব বজায় রাখা।

অপরিষ্কার হাতে চোখ, মুখ ও নাক স্পর্শ করা থেকে বিরত থাকা।

হাঁচি বা কাশির সময় বাহু/টিস্যু/কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে নেওয়া।

চিঠিতে আরও উল্লেখ করা হয়, সব প্রতিষ্ঠানের প্রধানদের দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে এবং নির্দেশনাগুলোর বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

এই নির্দেশনার লক্ষ্য হলো–শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা এবং প্রতিষ্ঠানের পরিবেশকে নিরাপদ রাখা।

শিক্ষা মন্ত্রণালয় স্বাস্থ্য অধিদপ্তর করোনা ডেঙ্গু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:03

URL: https://www.timestodaybd.com/education/3462775807